রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/০৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-৭১-আইন/২০২০।**—মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ (২০১২ সনের ৩নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের অধীন সংঘটিত অপরাধসমূহ দ্রুত বিচারের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল গঠন করিল এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এলাকাকে উহাদের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

**টেবিল**

| ক্রমিক নং | ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা | ঢাকা মহানগর এলাকাসহ সমগ্র ঢাকা জেলা |
| ২। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, চট্টগ্রাম | চট্টগ্রাম মহানগর এলাকাসহ সমগ্র চট্টগ্রাম জেলা |
| ৩। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, রাজশাহী | রাজশাহী মহানগর এলাকাসহ সমগ্র রাজশাহী জেলা |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৪। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা | খুলনা মহানগর এলাকাসহ সমগ্র খুলনা জেলা |
| ৫। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, বরিশাল | বরিশাল মহানগর এলাকাসহ সমগ্র বরিশাল জেলা |
| ৬। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, সিলেট | সিলেট মহানগর এলাকাসহ সমগ্র সিলেট জেলা |
| ৭। | মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, রংপুর | রংপুর মহানগর এলাকাসহ সমগ্র রংপুর জেলা |

২। এই প্রজ্ঞাপন জারির অব্যবহিতপূর্বে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ (২০১২ সনের ৩নং আইন) এর অধীন মহানগর এলাকাসহ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর জেলার বিচারাধীন মামলাসমূহ যে আদালত বা ট্রাইব্যুনালেই বিচারাধীন থাকুক না কেন, এই প্রজ্ঞাপন জারির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উপরি-বর্ণিত টেবিলের কলাম (৩) এ নির্ধারিত স্থানীয় অধিক্ষেত্রের ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে।

৩। দফা ২ এর অধীন স্থানান্তরিত কোনো মামলা বিচারের ক্ষেত্রে—

(ক) মামলাটি যে পর্যায় হইতে ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে, ট্রাইব্যুনাল সেই পর্যায় হইতে উক্ত মামলার বিচার কার্য শুরু করিবে; এবং

(খ) যে আদালত বা ট্রাইব্যুনাল হইতে মামলা স্থানান্তর করা হইবে সেই আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক গৃহীত সাক্ষ্য ট্রাইব্যুনালের সাক্ষ্য বলিয়া বিবেচিত হইবে এবং ন্যায় বিচারের জন্য প্রয়োজন না হইলে উক্তরূপ সাক্ষ্য পুনরায় গ্রহণ করিবার প্রয়োজন হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারি সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd